

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারী আবাসন পরিদপ্তর
ভিআইপি শ্রেণি বরাদ্দ,
www.doga.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০২.৯৯.০০০৩.২০.২


তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ঢাকার বাহিরে বদলি/পদায়নজনিত কারণে সরকারী বাসায় অবস্থানের বিষয়ে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা ১৯৮২ এর উপবিধি ১৫ (২) ও ১৫ (৩) এবং অননুমোদিতভাবে দখলে রাখার সময়কালে দ্বিগুণ (প্রামাণিক) হারে ভাড়া আদায় বিষয়ে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত সরকারী কর্মকর্তা-কর্মচারীগণ সরকারী আবাসন পরিদপ্তরের আওতাধীন বাসা বরাদ্দ পেয়ে থাকেন এবং পরবর্তীতে দাপ্তরিক প্রয়োজনে তারা ঢাকার বাইরে বদলি হয়ে থাকেন। অনেক ক্ষেত্রে বদলির তথ্য এ পরিদপ্তরে প্রেরণ করা হয় না। অনেক সরকারী কর্মকর্তা-কর্মচারী বদলি হওয়ার পরও অননুমোদিতভাবে সরকারী বাসা দখলে রাখেন- যা বাংলাদেশ বরাদ্দ বিধিমালা-১৯৮২ এর পরিপন্থি। ঢাকার বাইরে বদলি হওয়া সত্ত্বেও অননুমোদিতভাবে বাসা দখলে রাখার ফলে নির্দিষ্ট সময় পর বিধি মোতাবেক বাসা ভাড়া দ্বিগুণ হয়ে যায়। অনেক সরকারি কর্মকর্তা - কর্মচারী দাবি করেন যে, দ্বিগুণ হারে বাসা ভাড়ার বিষয়টি তারা অবগত নন এবং তারা অননুমোদিতভাবে বসবাসের কারণে ধার্যকৃত দ্বিগুণ ভাড়া মওকুফের আবেদন করেন। কিন্তু বিধি অনুযায়ী অননুমোদিত সময়কালে অবস্থানের জন্য সরকারী অর্থ মওকুফ করার এখতিয়ার এ পরিদপ্তরের নেই।

০২) সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা ১৯৮২ বিধিতে নিম্নরূপ উল্লেখ আছে : (ক) ১৫(২) উপবিধিতে বলা হয়েছে, "বরাদ্দ প্রাপক সরকারী কর্মচারীর চাকরি হইতে বরখাস্তের, অপসারণের, চুক্তিভিত্তিক চাকরির সমাপ্তির, পদত্যাগের, বদলির, বিদেশে প্রেষণে নিয়োগের অথবা অবসর গ্রহণের ২ (দুই) মাসের মধ্যে দখল ত্যাগ করিতে হইবে।" (খ) ১৫ (৩) উপবিধিতে বলা হয়েছে, " উপবিধিতে-২ তে যাহাই থাকুক না কেন, বরাদ্দ প্রাপকের চাকরি হইতে বরখাস্ত, অপসারণ, পদত্যাগ, অবসরগ্রহণ বা বদলির ক্ষেত্রে যদি উক্ত কর্মচারীর সন্তানের লেখাপড়ার কারণে বহাল রাখা একান্ত আবশ্যিক হয়, তাহা হইলে উক্ত বরাদ্দ ৬ (ছয়) মাস পর্যন্ত বহাল রাখার বিষয়টি সরকারের ইচ্ছাধীন থাকিবে।" (গ) ১৯ (২) উপবিধিতে বলা হয়েছে, "অননুমোদিত দখলের জন্য জাতীয় বেতন স্কেল অনুযায়ী উক্ত কর্মচারীর প্রাপ্য বাড়ী ভাড়া ভাতার দ্বিগুণ হারে অননুমোদিত দখলে থাকার বাসার ভাড়ার হার ধার্য করিতে হইবে।"

০৩) এমতাবস্থায়, উপরে উল্লিখিত বিধিসমূহ অনুসরণ করে সময়মতো যথাযথ ব্যবস্থা গ্রহণে সকলকে সচেষ্ট থাকার নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।



২৯-০১-২০২৬

মোঃ আসাদুজ্জামান

পরিচালক

+৮৮০২৫৫১০১০৩৭ (ফোন)

০২-৯৫৪৬৪৬৩ (ফ্যাক্স)

director@dog.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। রেঞ্জর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।
- ৩। সকল বিভাগীয় কমিশনার।
- ৪। সকল জেলা প্রশাসক।
- ৫। অতিরিক্ত উপ- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএজি কার্যালয়, অডিট ভবন, কাকরাইল,
।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০২.৯৯.০০০৩.২০.২/১ (৫)

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন-১ অনুবিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ-১, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ২। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
- ৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৫। সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর (ওয়েবসাইটে / সামাজিক মাধ্যমে প্রকাশ ও প্রচারের অনু
রোধসহ)।



২৯-০১-২০২৬

মোঃ আসাদুজ্জামান

পরিচালক